

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড

(শুদ্ধ)

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ নভেম্বর, ২০০৬ খ্রিঃ।
০২ অগ্রহায়ন, ১৪১৩ বাংলা।

নং ১৭৬/কাস/২০০৬। The Customs Act, 1969 (Act IV of 1969) এর section 10 ও 11 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড চাপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলাধীন নিম্ন চৌহদ্দি ও তফশিলে বর্ণিত জায়গাকে (১৮.০৩ একর) নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে যথাক্রমে অবতরণ স্থল (landing Place) এবং ওয়ারহাউজিং স্টেশন (Warehousing Station) হিসাবে ঘোষণা করিল, যথা :-

চৌহদ্দি

উত্তরে : নাল জমি

দক্ষিণ : বালিয়া দিঘী

পর্বে : বি/ডি আর ক্যাম্প রোড

পশ্চিমে : কাস্টমস্ হাউস ও সোনা মসজিদ চাপাইনবাবগঞ্জ সড়ক।

তফশিল

ক্রমিক নং	মৌজার নাম	এস, এ দাগ নং	আংশিক দাগ নং	পূর্ণ দাগ নং
[১]	[২]	[৩]	[৪]	[৫]
০১।	উত্তর হরিরামপুর	৮, ১৪, ২৫, ৪১, ২৮ = মোট ৫টি ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৬ ও ২৭ = মোট ১২টি	যথাক্রমে ০.৫০ একর ০.১০ একর ২.০৪ একর ১.৩৫ একর ও ০.২৬ একর	যথাক্রমে ০.৪৮, ০.১৯, ০.০৫, ০.১০, ০.১২, ০.০৬, ০.০৪, ০.০৫, ০.০২, ০.০৬, ০.৫৩ ও ০.৪১

				একর
০২।	চাপুড়	৬,১৫, ১৮ ১৭, ৭, ৮, ১২, ১৩, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪ ও ২৫	যথাক্রমে ১.৫৫ একর ০.৫৪ একর ০.৫৫ একর	যথাক্রমে ০.১৮, ১.৫৫, ০.১৭, ১.০৫, ০.৬২, ০.৫৪, ০.৯৯, ০.৯৯, ০.৭৪, ০.৬৯, ০.৪৫ ও ১.০৬ একর

শর্তাবলী :

০১। বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ এবং মেসার্স পানামা সোনাঙ্গসজিদ পোর্ট লিংক লিমিটেড (প্রাইভেট পোর্ট অপারেটর) এর মধ্যে সম্পাদিত Concession Agreement (CA) এর সিডিউল ১-এ বর্ণিত ফ্যাসিলিটিসহ (২৬টি) চুক্তিতে বর্ণিত নির্ধারিত সময়ের মধ্যে প্রাইভেট পোর্ট অপারেটরকে সুসম্পন্ন করে বন্দরে পূর্ণাঙ্গ অবকাঠামো গড়ে তুলতে হবে;

০২। বন্দরের অভ্যন্তরে (সোনাঙ্গসজিদ বন্দরে) একটি বিদ্যুৎ সাবস্টেশন ও ন্যূনতম ৫০ মেঃ টন ক্ষমতাসম্পন্ন আরো একটি Weigh Bridge আগামী ১ বছরের মধ্যে স্থাপন করতে হবে;

০৩। Concession Agreement (CA) এর আর্টিক্যাল ৬.১(ডি) অনুযায়ী পোর্ট অপারেটর (পানামা-সোনাঙ্গসজিদ পোর্ট লিংক লিমিটেড) কে Commercial Operations এর তারিখ হতে ১০ (দশ) বছর সময়ের মধ্যে বিদ্যমান Structure এর স্থলে নতুন Structure সৃষ্টি করতে হবে;

০৪। পোর্ট অপারেটরের Custody তে থাকা মালামালের আইনানুগ নিষ্পত্তি বা খালাস না হওয়া পর্যন্ত মালামালের নিরাপত্তা বিধানের পূর্ণ দায়িত্ব প্রাইভেট পোর্ট অপারেটরকে পালন করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোহাম্মদ আবু ইউসুফ)
দ্বিতীয় সচিব
(শুধু-আন্তঃ বাণিজ্য চুক্তি)।

উপ নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।
(পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)